## ১.  আশ্রয়ণ-২ প্রকল্প উপকারভোগী প্রশিক্ষণ নীতিমালা

আশ্রয়ণ-২ (দারিদ্র বিমোচন ও পুনর্বাসন) প্রকল্প হচ্ছে বাংলাদেশ সরকারের অন্যতম দারিদ্র বিমোচন প্রকল্প। এ প্রকল্পে পুনর্বাসিত পরিবারবর্গ সমবায় সমিতি গঠনের মাধ্যমে দলভুক্ত হবে এবং সমবায় বিভাগে নিবন্ধিত হবে। সমিতির সদস্য ও তাদের পরিবারের প্রাপ্তবয়স্ক সদস্যদেরকে বিভিন্ন  বিষয়ের উপর স্বল্প-মেয়াদী/দীর্ঘ-মেয়াদী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে সামাজিকভাবে সচেতন ও দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা হবে। স্বল্প মেয়াদী প্রশিক্ষণে আছে ০৩ (তিন) দিনের ওরিয়েন্টেশন প্রোগ্রাম এবং দীর্ঘমেয়াদী প্রশিক্ষণে আছে বিভিন্ন বিষয়ের উপর ১৪ দিন মেয়াদী পেশাভিত্তিক প্রশিক্ষণ। পেশাভিত্তিক প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর ও আশ্রয়ণ প্রকল্পের মধ্যে ১১/০৩/২০০৩ খ্রিঃ তারিখে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়। আশ্রয়ণ-২ প্রকল্পের উপকারভোগীদের অধিকাংশ নিরক্ষর  হওয়ার প্রেক্ষিতে প্রশিক্ষণের ক্ষেত্রে তাত্ত্বিক প্রশিক্ষণের চেয়ে ব্যবহারিক প্রশিক্ষণের উপর গুরুত্ব আরোপ করা বাঞ্চনীয়।   এ প্রকল্পের মাধ্যমে ২,৪২,০০০ জন উপকারভোগীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে|

| মেয়াদকাল | ব্যয়িত টাকার পরিমাণ | প্রশিক্ষণার্থির সংখ্যা |
|---|---|---|
| ১৯৯৭ – ২০০২ | | |
| ২০০২ – ২০১০ | | |
| ২০১০ – ২০১৫ (ফেব্রুয়ারি পর্যন্ত) | | |

**প্রশিক্ষণের উদ্দেশ্যাবলী**

(১)  "আশ্রয়ণ-২" প্রকল্পের উপকারভোগীদের দক্ষ জনশক্তি ও সাবলম্বী হিসেবে গড়ে তোলা

(২)  বেকারত্ব দূরীকরণ ও কর্মসংস্থান সৃষ্টি

(৩)  পুনর্বাসিতদের ক্ষমতায়ন

(৪)  সামাজিক সচেতনতা বৃদ্ধি

(৫)  নেতৃত্ব বিকাশে সহায়তা প্রদান

(৬)  সঞ্চয়ের আগ্রহ সৃষ্টি ও মূলধন গঠনে সহায়তা প্রদান

(৭)  প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা বিষয়ে সচেতনতা সৃষ্টি

(৮)  শিশুদের প্রতিরোধযোগ্য মারাত্মক রোগব্যাধি, উহা প্রতিরোধের বিভিন্ন টিকা এবং অন্যান্য বিষয়ে সচেতনতা সৃষ্টি

(৯)  বৃক্ষরোপনের প্রয়োজনীয়তা এবং সুষ্ঠু পরিবেশ রক্ষা সম্পর্কে সচেতনতা সৃষ্টি

(১০)  প্রাপ্তবয়স্কদের আয়বর্ধক কর্মকান্ডে সম্পৃক্তকরণের মাধমে আত্মকর্মসংস্থানে উদ্বুদ্ধ করা

সচেতনতা সৃষ্টি

(১১) পুনর্বাসিতদের পরিবার কল্যাণ, জনসংখ্যা বৃদ্ধির কুফল ও পরিবারের সদস্য সংখ্যা সীমিত পর্যায়ে রাখার ব্যাপারে|

(১২) সক্ষম দম্পতিদের পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি গ্রহণে উদ্বুদ্ধকরণ ও আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের জনসংখ্যা নিয়ন্ত্রণ|

(১৩)  পুনর্বাসিতদের সংগঠিতকরণ, সংগঠন ব্যবস্থাপনা ও পরিচালনা ইত্যাদি বিষয়ে প্রশিক্ষিত করা

(১৪)  বায়োগ্যাস/বিকল্প জ্বালানী বিষয়ে প্রশিক্ষণ প্রদান|

(১৫)  সকল শিশুর (৬-১১ বছর) বিদ্যালয় গমন নিশ্চিতকরণ এবং বয়স্ক শিক্ষার মাধ্যমে নিরক্ষরতা দূরীকরণ

**কৌশল/কার্যক্রম**

(১) "আশ্রয়ণ-২" প্রকল্পে পুনর্বাসিত পরিবারবর্গের প্রাপ্তবয়স্ক মহিলা ও পুরুষ সদস্যদের প্রশিক্ষণ প্রদানের নিমিত্ত উপজেলা সমবায় অফিসারের মাধ্যমে প্রশিক্ষণার্থীর তালিকা প্রস্তুত করা হবে।

(২)  প্রশিক্ষণার্থীর শিক্ষাগত যোগ্যতা , বয়স ও পূর্বের পেশাগত অভিজ্ঞতা এবং স্থানীয় প্রয়োজন ইত্যাদি বিবেচনা করে প্রশিক্ষণের বিষয় চূড়ান্ত করা হবে।

(৩)  প্রশিক্ষণ বিষয়ের ব্যাপ্তি ও গুরুত্বানুসারে প্রশিক্ষণের মেয়াদ নির্ধারণ করা হবে (তবে ওরিয়েন্টেশন প্রোগ্রাম আবশ্যিকভাবে সবার জন্য ৩ দিনের হবে এবং কোন পেশাভিত্তিক প্রশিক্ষণ কোর্স ১৪ দিনের কম হলে একাধিক কোর্সের মাধ্যমে প্রত্যেককে ১৪ দিনের পেশাভিত্তিক প্রশিক্ষণ দিতে হবে ; তা একান্তভাবে সম্ভব নাহলে উপকারভোগীর দৈনিকভাতা ৮০/- টাকা হিসাব করে সংশ্লিষ্ট খাতে চালানের মাধ্যমে ফেরৎ দিতে হবে)।

(৪) সংশ্লিষ্ট উপজেলা সমবায় কর্মকর্তা  ৩ দিনের ওরিয়েন্টেশন  প্রোগ্রাম পরিচালনা করবেন এবং
১৪ দিনের প্যাকেজ প্রশিক্ষণ সংশ্লিষ্ট সহকারী পরিচালক/যুব উন্নয়ন কর্মকর্তা পরিচালনা করবেন।

(৫) প্রকল্পের উপকারভোগীদের কতিপয় সাধারণ বিষয়ে সচেতনা সৃষ্টির জন্য পুরুষ ও মহিলাদের যৌথ প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

(৬) প্রয়োজনে উপজেলা যুব উন্নয়ন কর্মকতা বিকল্প প্রশিক্ষকের ব্যবস্থা করবেন।

(৭) দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের ধরণ বিবেচনা করে প্রয়োজনীয় ক্ষেত্রে পুরুষ ও মহিলাদের আলাদা প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। কোন পরিবারের ১ জন সদস্য যে ট্রেডে প্রশিক্ষণ পাবে অন্য সদস্যকে সে ট্রেডে প্রশিক্ষণ দেয়া যাবে না। এতে পেশার বৈচিত্র্যকরণ সম্ভব হবে।

(৮)  নিরক্ষরতা দূরীকরণের জন্য বয়স্ক শিক্ষার ব্যবস্থা করা হবে। এ ব্যাপারে যথাসম্ভব প্রাথমিক ও  গণশিক্ষা বিভাগের সহায়তা গ্রহণ করা হবে।

(৯) আশ্রয়ণ-২ প্রকল্পের আওতায় পুনর্বাসিতদের পরিবার পরিকল্পনা বিষয়ে সচেতনতা সৃষ্টি ও বিভিন্ন পরিবার পরিকল্পনা পদ্ধতির    সহায়তা প্রদান করা হবে।

(১০)  উপজেলা পর্যায়ের কর্মর্কর্তাগণ আশ্রয়ণ-২ প্রকল্পের প্রশিক্ষণ কর্মসূচীর উদ্বোধনী ও সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

(১১)  প্রকল্পের সাথে সংশ্লিষ্ট অন্যান্য অফিসের কর্মকর্তাগণ বিধি মোতাবেক প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণ করতে পারবেন।

(১২) পুনর্বাসিত পরিবারবর্গের অষ্টম শ্রেণী বা  তদূর্দ্ধ পাস সদস্যদেরকে প্রদেয় পেশাভিত্তিক প্রশিক্ষণের বাইরেও যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে বৃত্তিমূলক প্রশিক্ষণ ও ঋণ প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া যেতে পারে।

**বেইসলাইন সার্ভে**

আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিতদের প্রশিক্ষণ ও আর্থ-সামাজিক কর্মসূচী গ্রহণের পূর্বে প্রকল্প এলাকায় বেইসলাইন সার্ভে পরিচালনা করা হবে। সার্ভে রিপোর্টে প্রতিফলিত তথ্যাদির ভিত্তিতে উপকারভোগীদের জন্য বিভিন্ন কর্মসূচী/পরিকল্পনা গ্রহণ করা হবে। উপজেলা সমবায় কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসারের সাথে পরামর্শক্রমে বেইসলাইন সার্ভে পরিচালনা করবেন।  আশ্রয়ণ-২ এলাকা ও পুনর্বাসিত পরিবার এর তথ্যাদি দুই প্রস্থে সংগ্রহ করা হবে। এক প্রস্থে উপজেলা পর্যায়ে ব্যবহারের জন্যে  উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সংরক্ষণ করা হবে এবং অপর প্রস্থ প্রকল্প পরিচালক , আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রী কার্যালয় বরাবরে প্রেরণ করতে হবে।

**তিন দিনের ওরিয়েন্টেশন কোর্সে প্রশিক্ষণের বিষয়**

প্রকল্পের উপকারভোগীদের জন্য আশ্রয়ণ-২ প্রকল্পের উদ্দেশ্য এবং এর কার্যাবলী বিষয়ে ৩ (তিন) দিনের ওরিয়েন্টেশন কোর্সের ব্যবস্থা করা হবে যা উপজেলা নির্বাহী অফিসারের ব্যবস্থাপনায় সম্পন্ন হবে। উপজেলা সমবায় কর্মকর্তা এ প্রশিক্ষণ পরিচালনা করবেন। প্রশিক্ষণের বিষয়সমূহ নিম্নরূপ ঃ

(১) আশ্রয়ণ-২ প্রকল্প স ¤পর্কে সম্যক ধারণা দান
(২) আশ্রয়ণ-২ সমবায় সমিতি গঠন ও জীবনযাত্রার মানোন্নয়ন
(৩) প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা ও পুষ্টি
(৪) প্রতিরোধযোগ্য রোগব্যাধি ও এর টিকাদান
(৫) সেনিটেশন
(৬) পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণ
(৭) ঋণ গ্রহণ , ব্যবহার ও পরিশোধ
(৮) বৃক্ষরোপণ ও পরিচর্যা
(৯) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ ও যৌতুক নিরোধ
(১০) ব্যবহারিক আইন স ম্পর্কে সচেতনতা
(১১) পরিবেশ উন্নয়ন স ম্পর্কে সচেতনতা
(১২) প্রাথমিক শিক্ষা ও বয়স্ক শিক্ষা সম্পর্কে সচেতনতা

**দক্ষতা উন্নয়নের জন্য১৪ দিনের পেশাভিত্তিক প্রশিক্ষণ কোর্সের বিষয়ঃ**

বেজলাইন সার্ভের উপর ভিত্তি করে সহকারী পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আশ্রয়ণ-২ প্রকল্পে পুনর্বাসিত পরিবারের প্রাপ্ত বয়স্ক সকল নারী ও পুরুষ সদস্যের যোগ্যতা , দক্ষতা, স্থানীয় চাহিদা ইত্যাদি বিবেচনা করে তাদের জন্য পেশাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি প্রণয়ন করবেন। উপজেলা টাস্কফোর্সের অনুমোদনক্রমে প্রশিক্ষণার্থীর তালিকা চূড়ান্ত করতে হবে। পেশাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি কিছু তাত্বিক কিছু ব্যবহারিক বা হাতে কলমে শিক্ষা ধরনের হতে পারে। এ প্রশিক্ষণের মূল লক্ষ্য হবে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে প্রতিটি ব্যক্তিকে এমনভাবে গড়ে তোলা যাতে তিনি আশ্রয়ণ-২ প্রকল্প থেকে প্রাপ্ত ঋণ সঠিকভাবে ব্যবহার করে নিজের আয় বাড়াতে এবং জীবনমান উন্নয়নে সমর্থ হন। উপজেলা নির্বাহী কর্মকর্তা ট্রেনিং প্রোগ্রাম ব্যবস্থাপনার মূল দায়িত্বে থাকবেন। নিম্নবর্ণিত বিষয়সমূহে এ প্রশিক্ষণ প্রদান করা যেতে পারেঃ

(১) কুটির শিল্প
(২) মৎস্য চাষ
(৩) নার্সারী
(৪) হস্তশিল্প
(৫) মৃৎশিল্প
(৬) সেলাই, পোশাক তৈরী ও দর্জির কাজ ইত্যাদি

উপরোক্ত ট্রডেসহ মোট ৩২ ট্রেডে সুবধিাভোগীদরে প্রশক্ষিণ দয়ো হয়ে থাক।

উল্লেখিত পেশাসমূহ ছাড়াও স্থানীয় চাহিদার ভিত্তিতে যে কোন বিষয়ের উপর প্রশিক্ষণ দেয়া যেতে পারে। যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক আরোপিত নূন্যতম অষ্টম শ্রেণী পাশ সদস্যদেরকে প্রশিক্ষণ দেয়ার বিষয়টি আশ্রয়ণ-২ প্রকল্পের ক্ষেত্রে প্রযোজ্য হবেনা। যুব উন্নয়নের উপজেলা ভিত্তিক টার্গেটও এক্ষেত্রে প্রযোজ্য হবেনা।

**প্রশিক্ষণ বাজেট**

স্থানীয় পর্যায়ে প্রশিক্ষণ প্রোগ্রামের জন্য সহকারী পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/উপজেলা সমবায় অফিসার প্যাকেজ প্রোগ্রাম ভিত্তিক বাজেট ও কর্মসূচি প্রস্তুত করে উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন "উপজেলা টাস্কফোর্স" এর অনুমোদনক্রমে প্রকল্প পরিচালক , আশ্রয়ণ-২ প্রকল্প , প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবর প্রেরণ করবেন। প্রকল্প পরিচালক , আশ্রয়ণ-২ প্রকল্প, বাজেট ও কর্মসূচি অনুমোদন পূর্বক প্রয়োজনীয় অর্থ উপজেলা নির্বাহী অফিসার তথা সভাপতি , উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্স বরাবর ছাড়করণের ব্যবস্থা করবেন।

**প্রশিক্ষণ ভাতা**

জনপ্রতি প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ ব্যয় সর্বোচ্চ ১৫০০/- টাকার মধ্যে সীমাবদ্ধ রেখে প্রশিক্ষণের বরাদ্দ প্রদান করা হবে। ওরিয়েন্টেশন প্রোগ্রাম এবং বিশেষ প্রশিক্ষণ প্রোগ্রামে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা প্রশিক্ষণের দিনে কর্মহীন/আয়হীন থাকবেন বিধায় তাদের প্রত্যেককে প্রতি প্রশিক্ষণ দিনের জন্য ৮০ (আশি) টাকা করে দৈনিক ভাতা প্রদান করা হবে। প্রশিক্ষকদের প্রতি অধিবেশনের (দুই ঘন্টা) জন্য কমপক্ষে ২০০/- টাকা হারে সম্মানী ভাতা প্রদান করা হবে।

**গ্রুপভিত্তিকঃ একক/প্রতিষ্ঠানের প্রশিক্ষণ**

প্রশিক্ষণ গ্রুপভিত্তিকভাবে অথবা বিশেষ ধরনের পেশার ক্ষেত্রে এককভাবে প্রদান করা যেতে পারে। আবার ঐ বিশেষ পেশায় দক্ষ কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে প্রশিক্ষণার্থীকে সংযুক্ত করে দেয়া যেতে পারে। যেমন নাপিত (ক্ষৌরকার্য) , ওয়েল্ডিং, বৈদ্যুতিক মিস্ত্রীর কাজ , মোটরসাইকেল মেরামত, সাইকেল মেরামত ইত্যাদি। এ ধরণের প্রশিক্ষণের ক্ষেত্রে প্রশিক্ষণ প্রদানকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান দৈনিক হারে প্রশিক্ষণ ভাতা (স্থানীয়ভাবে নির্ধারিত হবে) প্রাপ্ত হবেন। গ্রুপভিত্তিক প্রশিক্ষণের ক্ষেত্রে গ্রুপে প্রশিক্ষণার্থীর সংখ্যা ০৫ থেকে ৩০ জন পর্যন্ত করা যাবে।

**প্রশিক্ষণ স্থান**

আশ্রয়ণ-২ গ্রামে অথবা উপজেলার যে কোন স্থানে অথবা যুব উন্নয়ন অফিসে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হতে পারে। তবে প্রশিক্ষণের স্থান এমন জায়গায় হওয়া বাঞ্চনীয় যেখানে প্রশিক্ষণার্থীগণ বিশেষ করে মহিলারা সহজেই উপস্থিত হতে পারে। প্রশিক্ষণ স্থানের জন্য কোন প্রকার ভাড়া প্রদান করা হবে না। উপজেলা নির্বাহী অফিসার নিজ উদ্যোগে প্রশিক্ষণ স্থানের ব্যবস্থা করবেন।

প্রশিক্ষক

কোন বিশেষ ট্রেডে দক্ষ ব্যক্তি প্রশিক্ষক হিসেবে কাজ করতে পারবেন। এ ক্ষেত্রে প্রশিক্ষকের শিক্ষাগত যোগ্যতার চেয়ে সংশ্লিষ্ট ট্রেডে দক্ষতাকে অধিক গুরুত্ব দিতে হবে। উপজেলা যুব উন্নয়ন অফিসের উপযুক্ত কর্মকর্তা/কর্মচারীগণও প্রশিক্ষক হিসেবে কাজ করতে পারবেন এবং বিধি মোতাবেক প্রশিক্ষক ভাতা গ্রহণ করতে পারবেন।

**প্রশিক্ষণ ব্যয়ের হিসাব**

প্রতিটি ট্রেনিং কোর্স সমাপ্তির ১৫ দিনের মধ্যে উপজেলা সমবায় কর্মকর্তা/সহকারী পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ব্যয়ের হিসাব উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন টাস্কফোর্সের কাছে অনুমোদনের জন্য পেশ করবেন। উপজেলা নির্বাহী

অফিসার এরূপ হিসাব প্রাপ্তির ১৫ দিনের মধ্যে উপজেলা আশ্রয়ণ-২ প্রকল্প বাস্তবায়ন 'টাস্কফোর্স' এর সভা আহবান করবেন। এ সভায় ব্যয় অনুমোদিত হলে এতদ সংক্রান্ত কাগজ (উপজেলা সমবায় কর্মকর্তা/সহকারী পরিচালক/উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক স্বাক্ষরিত) ও সভার কার্যবিবরণী যথাশীঘ্র প্রকল্প পরিচালক , আশ্রয়ণ-২ প্রকল্প, প্রধানমন্ত্রীর কার্যালয় বরাবরে প্রেরণ করবেন।
প্রশিক্ষণ শেষে ব্যয়ের ভাউচারের এক কপি নিরীক্ষার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা/সহকারী পরিচালক /উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার অফিসে সংরক্ষণ করতে হবে। অন্য কপি বিল সমন্বয়ের জন্য উপজেলা হিসাবরক্ষণ অফিসে জমা দিতে হবে।

**প্রশিক্ষণোত্তর মূল্যায়ন**

প্রতিটি প্রশিক্ষণ ক্লাস সমাপ্তির পর প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের মূল্যায়ন করবেন এবং উপজেলা নির্বাহী অফিসার নিজেই এর তদারকি করবেন। প্রশিক্ষণ নিম্নমানের মনে হলে সংশ্লিষ্ট উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণ দায়ী থাকবেন। প্রশিক্ষণ শেষে ট্রেড উল্লেখপূর্বক সফল প্রশিক্ষণার্থীদেরকে সনদপত্র প্রদানের ব্যবস্থা করতে হবে। ঋণ প্রদানের ক্ষেত্রে এই সনদপত্র ব্যবহার করা যেতে পারে।

**বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তরের মাধ্যমে প্রশিক্ষণ**

বিভিন্ন মন্ত্রণালয়/দপ্তর তাদের বিভাগীয় নীতিমালা অনুসরণপূর্বক পুনর্বাসিতদেরকে প্রশিক্ষণ প্রদান করতে পারবে। অন্যদিকে, আশ্রয়ণ-২ প্রকল্প থেকেও তাদের মাধ্যমে প্রশিক্ষণ কর্মসূচি বাস্তবায়ন করা যাবে। মন্ত্রণালয়/দপ্তরসমূহঃ

- সমাজকল্যাণ মন্ত্রণালয়
- মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়/
- প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
- বি.আর.ডি.বি ও
- যুব উন্নয়ন অধিদপ্তর

**বেসরকারী সংস্থার মাধ্যমে প্রশিক্ষণ প্রদান**

বেসরকারী সংস্থাসমূহ তাদের নিজস্ব সম্পদে পুনর্বাসিতদেরকে প্রশিক্ষণ প্রদানের কর্মসূচি গ্রহণ করতে পারবে। তবে এ প্রশিক্ষণ কর্মসূচি সম্পর্কে "আশ্রয়ণ-২ প্রকল্প কর্তৃপক্ষের পূর্ব অনুমতি নিতে হবে"।